

## সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭০২২

৫৫/ ফিতনা সমূহ ও কিয়ামতের নিদর্শনাবলী (১ আন্তান الفتن وأشراط الساعة)

পরিচ্ছেদঃ ১৩. কিয়ামতের পূর্বে যে সব আলামত দেখা দিবে

باب فِي الآياتِ الَّتِي تَكُونُ قَبْلَ السَّاعَةِ

## আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذِ الْعَنْبَرِيُّ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ فُرَاتِ الْقَزَّازِ، عَنْ أَبِي الطُّفَيْلِ، عَنْ أَبِي سَرِيحَةَ، حُذَيْفَةَ بْنِ أَسِيدِ قَالَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم فِي غُرْفَةٍ وَنَحْنُ أَسْفَلَ مِنْهُ فَاطَّلَعَ إِلَيْنَا فَقَالَ " مَا تَذْكُرُونَ ". قُلْنَا السَّاعَةَ. قَالَ " إِنَّ السَّاعَةَ لاَ تَكُونَ عَشْرُ آيَاتِ خَسْفٌ بِالْمَشْرِقِ وَخَسْفٌ بِالْمَغْرِبِ وَخَسْفٌ فِي جَزِيرَةِ الْعَرَبِ وَخَسْفٌ فِي جَزِيرَةِ الْعَرَبِ وَالدُّخَانُ وَالدَّجَّالُ وَدَابَّةُ الأَرْضِ وَيَأْجُوجُ وَمَأْجُوجُ وَطُلُوعُ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا الْعَرْبِ وَالدَّجَانُ وَالدَّجَانُ مَا النَّاسَ ". قَالَ شُعْبَةُ وَحَدَّتَنِي عَبْدُ الْعَزِيزِ بْنُ رُفَيْعٍ عَنْ وَنَارٌ تَخْرُجُ مِنْ قُعْرَةِ عَدَنِ تَرْحَلُ النَّاسَ ". قَالَ شُعْبَةُ وَحَدَّتَنِي عَبْدُ الْعَزِيزِ بْنُ رُفَيْعٍ عَنْ أَبِي سَرِيحَةَ . مِثْلُ ذَلِكَ لاَ يَذْكُرُ النَّبِيَّ صلى الله عليه وسلم وقَالَ أَبِي الطُّقَيْلِ عَنْ أَبِي سَرِيحَةَ . مِثْلُ ذَلِكَ لاَ يَذْكُرُ النَّبِيَّ صلى الله عليه وسلم وقَالَ الآخَرُ وَرِيحٌ أَخَدُهُمَا فِي الْعَاشِرَةِ نُزُولُ عِيسَى ابْنِ مَرْيَمَ صلى الله عليه وسلم . وَقَالَ الآخَرُ وَرِيحٌ تُلْقِي النَّاسَ فِي الْبَحْرِ .

## বাংলা

৭০২২। উবায়দুল্লাহ ইবনু মু'আয আনবারী (রহঃ) ... আবূ সারীহা হুযায়ফা ইবনু আসী'দ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি কামরার ভেতর ছিলেন। তখন আমরা তাঁর থেকে একটু নীচু স্থানে ছিলাম। তখন তিনি আমাদের দিকে দৃষ্টি দিয়ে বললেন, তোমরা কি আলোচনা করছিলে। আমরা বললাম, কিয়ামত সম্পর্কে আলোচনা করছিলাম। এ কথা শুনে তিনি বললেনঃ কিয়ামত কায়িম হবে না যতক্ষন না দশটি নিদর্শন প্রকাশিত হবে। পূর্ব দিগন্তে ভূমি ধস, পশ্চিম অঞ্চলে ভূমি ধস, আরব উপদ্বীপে ভূমি ধস, ধুম, দাজ্জাল, দাব্বাতুল আরদ, ইয়াযুয-মা-জুজ, পশ্চিম দিক হতে সূর্য উদিত হওয়া এবং সর্বশেষ আদন এর গর্ত হতে অগ্নি প্রকাশিত হওয়া যা লোকদেরকে তাড়িয়ে নিয়ে যাবে। শু'বা (রহঃ) বলেন, ... আবু সারীহা থেকে ... অনুরূপ। তবে এতেনবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উল্লেখ করেন, দশম নিদর্শন হিসাবে একজন ঈসা (আলাইহিস সালাম) এর অবতরণের কথা বলেছেন, অন্যজন বলেছেন যে, এমন ঝঞ্কা বায়ু (প্রবাহিত হবে), যা লোকদেরকে সমুদ্রের মধ্যে নিক্ষেপ করবে।



## **English**

Hudhaifa b. Usaid reported:

Allah's Apostle ( ) was in an apartment and we were beneath that, that he peeped in and said to us: What are you discussing about? We said: (We are discussing about the Last) Hour. Thereupon he said: The Last Hour would not come until the ten signs appear: land-sliding in the east, and land-sliding in the west, and land-sliding in the peninsula of Arabia, the smoke, the Dajjal, the beast of the earth, Gog and Magog, the rising of the sun from the west and the fire which would emit from the lower part of 'Adan. Shu'ba said that 'Abd al-'Aziz b. Rufai' reported on the authority of Abu Tufail who reported on the authority of Abu Sariha a hadith like this that Allah's Apostle ( ) did not make a mention of (the tenth sign) but he said that out of the ten one was the descent of Jesus Christ, son of Mary (peace be upon him), and in another version it is the blowing of the violent gale which would drive the people to the ocean.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু সারীহা হুযায়ফা ইবনু আসী'দ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন